

PRINT

# সমকাল

## শিক্ষকের বেত্রাঘাতে হাসপাতালে স্থলছাত্র

১১ ঘণ্টা আগে

### গলাচিপা (পটুয়াখালী) প্রতিনিধি

গলাচিপার চরবিশ্বাস জনতা মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র আবদুল্লাহ আল জিয়াদকে বেধড়ক বেত্রাঘাত করেছেন শরীরচর্চা শিক্ষক মাইনুদ্দিন। জিয়াদকে বুধবার সকালে মুমূর্ষু অবস্থায় গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। চিকিৎসকরা জানিয়েছেন, ওই ছাত্রের শরীরের বিভিন্ন জায়গায় বেতের আঘাতের চিহ্ন পাওয়া গেছে। ওই ছাত্রের বাবা মোহাম্মদ মুজাম্মেল হাওলাদার একই বিদ্যালয়ের গণিত বিষয়ের সহকারী শিক্ষক। এ বিষয়ে মুজাম্মেল হাওলাদার সহকর্মী শিক্ষকের বিরুদ্ধে গলাচিপা থানায় লিখিত অভিযোগ দিয়েছেন।

অভিযোগে বলা হয়েছে, মঙ্গলবার দুপুর আড়াইটার দিকে ক্লাস চলাকালীন শরীরচর্চা শিক্ষক মো. মাইনুদ্দিন হাতে বেত নিয়ে ক্লাসে ঢুকেই জিয়াদকে বেধড়ক বেত্রাঘাত শুরু করেন। জিয়াদের চিৎকারে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এসে তাকে নিবৃত্ত করার চেষ্টা করলেও জিয়াদকে বেত্রাঘাত করা হয়।

অভিযুক্ত শিক্ষক মাইনুদ্দিন বলেন, ওই ছাত্রটি এক ছাত্রীর কাছে চিঠি দিয়েছে। সহকর্মীর সন্তানকে নিজের মনে করে সংশোধনের জন্য একটু মারধর করেছি।

বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. নাসিরউদ্দিন নেছার জানান, ঘটনাটি একটু বাড়াবাড়ি হয়েছে। তবে মীমাংসার চেষ্টা চলছে। আর কথিত ছাত্রী চিঠির বিষয়টি অস্বীকার করেছে বলেও জানান তিনি।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

